

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, নভেম্বর ৭, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(উপজেলা-১ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ: ১৪ কার্তিক ১৪২৪ বঙ্গাব্দ/২৯ অক্টোবর ২০১৭ খ্রিস্টাব্দ

নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.০৫৭.২০১৫-১২৯৯—যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর বিরুদ্ধে সাদুল্লাপুর থানার অভিযোগ পত্র নম্বর-৩২, তারিখ: ১৯-০২-১৫ খ্রিঃ ১৯০৮ সালের বিক্ষোরক দ্রব্য উপাদানাবলী আইনের ধারা ৩/৪ (বিজ্ঞ স্পেশাল ট্রাইবুনাল নং-১ এর এস, টি মামলা নম্বর ৫২/১৫) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, জনাব মোঃ সাইদুর রহমান, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সাদুল্লাপুর, গাইবান্ধা এর বিরুদ্ধে মাননীয় প্রধানমন্ত্রীর ছবি পোড়ানো, মামলার বাদী জনাব মোঃ শাহরিয়া খান বিপুবকে হত্যার চেষ্টা ও মোটরসাইকেলে অগ্নিসংযোগ এর মতো গুরুতর প্রকৃতির অভিযোগ রয়েছে। উক্ত উপজেলা পরিষদ চেয়ারম্যান স্বপদে বহাল থাকলে স্থানীয়ভাবে মামলার সাক্ষীদের ভয়ভীতি প্রদর্শনসহ মামলার কার্যক্রমে প্রভাব বিস্তার করতে পারেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ গুরুতর প্রকৃতির হওয়ায় তার দ্বারা ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [ উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত ]-এর ধারা ১৩খ(১) অনুসারে গাইবান্ধা জেলার সাদুল্লাপুর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ সাইদুর রহমানকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

এ আদেশ জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ড. জুলিয়া মঙ্গল  
উপসচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)

(১৬৬৫৩)

মূল্য : টাকা ৮.০০